# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, সালাতে কোন ব্যক্তি কুর‘আন বহির্ভুত দু‘আ পড়লে, তার সালাত বাতিল হয়ে যাবে- তার কথা অপনোদনকারী হাদীসের বর্ণনা

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أن دعاء المرء في صلاته بما ليس في كِتَابِ اللَّهِ جَلَّ وَعَلَا يُفسد عَلَيْهِ صَلَاتَهُ

---

আরবী

1973 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطياليسي قَالَ: حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الْخَيْرِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي بَكْرٍ الصديق أَنَّهُ قَالَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَلِّمني دُعَاءً أَدْعُو بِهِ فِي صَلَاتِي قَالَ: (قُلِ: اللَّهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيرًا وَلَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ فَاغْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْنِي إِنَّكَ أَنْتَ الغفور الرحيم)

الراوي : أَبُو بَكْرٍ الصديق | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1973 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))

বাংলা

১৯৭৩. আবূ বকর সিদ্দীক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, “আমাকে এমন একটি দু‘আ শিক্ষা দিন, যার দ্বারা আমি সালাতে দু‘আ করবো।” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আপনি বলুন, اللَّهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيرًا وَلَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ فَاغْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْنِي إِنَّكَ أَنْتَ الغفور الرحيم (হে আল্লাহ, আমি নিজের উপর অনেক যুলম করেছি, আপনি ছাড়া কেউ গোনাহ ক্ষমা করতে পারে না। অতঃপর আপনি আপনার পক্ষ থেকে আমাকে পরিপূর্ণভাবে ক্ষমা করে দিন এবং আমার প্রতি দয়া করুন। নিশ্চয়ই আপনি ক্ষমাশীল, দয়ালূ।)”[1]

ফুটনোট

[1] আবূ ইয়ালা: ৩১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৬৯; সহীহ আল বুখারী: ৮৩৪; সহীহ মুসলিম: ২৭০৫; তিরমিযী: ৩৫৩১; নাসাঈ: ৩/৫৩; ইবনু মাজাহ: ৩৮৩৫; সুনান বাইহাকী: ২/১৫৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৯৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৪; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ বকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91290

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন